

## সেপ্টেম্বর -২০১৭ মাসের মাসিক সমন্বয় সভা

ঢাকার ইস্কাটনস্থ প্রবাসী কল্যাণ ভবনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে ১০ অক্টোবর বেলা- ১২.০০ ঘটিকায় মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ড. নমিতা হালদার, এনডিসি'র সভাপতিত্বে সেপ্টেম্বর ২০১৭ মাসের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সভায় বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। সভার আলোচ্য বিষয় সমূহ ছিল ইনোভেশন কমিটির কার্যক্রম, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন মনিটরিং, অডিট আপত্তি সংক্রান্ত, অনিস্পন্ন বিষয়। এছাড়াও জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মামলা সংক্রান্ত, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের বিদেশে মৃত কর্মীর সংখ্যা, বিদেশ থেকে মৃতদেহ আনার সংখ্যা, ক্ষতিপূরণ দেওয়ার পরিমাণ, বোয়েসেল ও প্রবাসী কল্যাণ ব্যাংকের কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। ই-ফাইলিং, APA, শুদ্ধাচার, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬, ৭ম পঞ্চ বার্ষিকী পরিকল্পনাসহ CAP এর সকল কার্যক্রম সমন্বয় সভার এজেন্ডাভুক্ত আকারে উপস্থাপন করা হয়। এছাড়াও সভায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬, IPoA ও SDG, আরটিআই সংক্রান্ত তথ্য প্রদান, নারী ও শিশু উন্নয়ন বাস্তবায়ন ও মূল্যায়ন কমিটি, কলম্বো প্রসেস, আবুধাবী ডায়ালগ, দক্ষিণ-দক্ষিণ সহযোগিতা সম্প্রসারণ বিষয়ক, NSSS, Budapest Process, GFMD-এর বাস্তবায়ন ও অগ্রগতি উপস্থাপন করা হয়। ভারপ্রাপ্ত সচিব ২০১৮ সালে অনুষ্ঠিতব্য গ্লোবাল কমপ্যাক্ট-এ সক্রিয় অংশগ্রহণের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে কাজ করার জন্য নির্দেশনা প্রদান করেন। এছাড়াও তিনি দপ্তর সংস্থার কর্মকর্তাদের মধ্যে পারস্পারিক সমন্বয় বৃদ্ধি পূর্বক কার্যক্রম আরো গতিশীল করার আহ্বান জানান। সমন্বয় সভায় দপ্তর/সংস্থার প্রধানগণসহ মন্ত্রণালয়ের সকল কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।